গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা
www.magura.gov.bd
(আইসিটি শাখা)

# জেলা আইসিটি কমিটির ফেব্রুয়ারী ২০২১ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি: ড. আশরাফুল আলম
জেলা প্রশাসক, মাগুরা

স্থান : জেলা প্রশাসক, মাগুরার সম্মেলন কক্ষ

তারিখ : ২৩.০২.২০২০ খ্রিস্টাব্দ

সময় : ১২.০০ টা

উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি তথ্য প্রযুক্তি নির্ভর সমাজ গড়ার লক্ষ্যে ছাত্র-ছাত্রীদের তথ্য প্রযুক্তি তথা কম্পিউটার জ্ঞান আহরণের অপরিহার্যতা তুলে ধরেন। সভাপতির অনুমতিক্রমে প্রোগ্রামার, মাগুরা কমিটির সংক্ষিপ্ত চিত্র তুলে ধরেন এবং সবাইকে মতামত প্রদানের জন্য অনুরোধ করেন। সদস্যগণ এ বিষয়ে তাদের গৃহীত কার্যক্রমসমূহ সভায় উপস্থাপন করেন এবং আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **১. পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ:** সভাপতির সম্মতিক্রমে প্রোগ্রামার,মাগুরা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। | ১. কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্মসম্মতিক্রমে দৃঢ়ীকরণ হয়। | |
| **২. ডিজিটাল কনটেন্ট:** ডিজিটাল কনটেন্ট উপস্থাপনের বিষয়ে আলোচনা করা হয়। জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান প্রধান শিক্ষকগণ বিদ্যালয়ে একটি রুটিন করবেন সেই রুটিন মাফিক প্রতিদিন শিক্ষকগণ অনলাইনে ক্লাশ নিবেন এবং এমএমসি-অনলাইন সিস্টেমে আপলোড করবেন। প্রাথমিক বিদ্যালয়গুলোকে মাল্টিমিডিয়া ক্লাসরুম ম্যানেজমেন্ট সিস্টেমের আওতাভুক্ত করার বিষয়ে আলোচনা হয়। | ২.১. নিয়মিত অনলাইনে ক্লাশ পরিচালনা ও অনলাইন এমএসসি সিস্টেমে তথ্য আপলোডের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২.২। প্রাথমিক বিদ্যালয়গুলোকে মাল্টিমিডিয়া ক্লাসরুম ম্যানেজমেন্ট সিস্টেমের আওতাভুক্ত করার বিষয়ে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা অনুসরণ করতে হবে।<br>২.৩। অনলাইনের ডিজিটাল কনটেন্ট ব্যবহারের ক্ষেত্রে মানসম্মত কনটেন্ট ব্যবহার করতে হবে। | স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, জেলা শিক্ষা অফিসার ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার |
| **৩. ই-সেবা কার্যক্রম:** প্রোগ্রামার, মাগুরা জানান মাগুরা জেলার জেলা পর্যায়ের ৩৯ টি দপ্তর নথি সিস্টেমে লাইভে আছে। জেলা/উপজেলা পর্যায়ের সকল অফিসে ই-নথি বাস্তবায়নের ব্যাপারে আলোচনা হয়। উপজেলা পর্যায়ে ই-নথি কার্যক্রম বেগবান করার জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নির্দেশনায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী প্রোগ্রামার কে নির্দেশনা প্রদান করা হয়। | ৩.১. জেলা/উপজেলা পর্যায়ের সকল অফিসে ই-নথি বাস্তবায়ন করতে হবে।<br>৩.২. উপজেলা পর্যায়ে ই-নথি সিস্টেম বাস্তবায়নে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩.৩. পরবর্তী সভায় সকল দপ্তরের রিপোর্ট প্রদান করতে হবে | উপজেলা নির্বাহী অফিসার (সকল), সহকারী প্রোগ্রামার (সকল), প্রোগ্রামার, মাগুরা ও স্ব স্ব দপ্তর প্রধান |

| | | |
|---|---|---|
| **৪. ওয়েব পোর্টাল:** জেলা, উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টাল নিয়ে আলোচনা করা হয়। প্রোগ্রামার, মাগুরা জানান জেলার সকল সরকারী দপ্তরকে স্ব স্ব দপ্তরের ইউজার আইডি ও পাসওয়ার্ড প্রদান করা হয়েছে। বর্তমানে দেখা যায় সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ নেই। প্রোগ্রামার, মাগুরা সকল দপ্তরের জাতীয় তথ্য বাতায়নের অনলাইন প্রতিবেদন প্রদান করেন। জাতীয় তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ বিষয়ে ম্যানুয়াল প্রতিবেদন প্রদান বিষয়ে আলোচনা হয়। | ৪.১। জেলা/উপজেলা পর্যায়ের সকল দপ্তরের জাতীয় তথ্য বাতায়নে কর্মকর্তাদের তথ্য হালনাগাদ আছে কিনা এ ব্যাপারে ম্যানুয়াল প্রতিবেদন প্রদান করতে হবে।<br>৪.২। জাতীয় তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করতে হবে। | প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, স্ব স্ব দপ্তর প্রধান, ইউডিসি উদ্যোক্তাবৃন্দ |
| **৫.আউটসোর্সিং/ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ:**<br>বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃক বাস্তবায়নাধীন শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার স্থাপন প্রকল্পের আওতায় আয়োজিত আইটি/আইটিইএস বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচি চালু রয়েছে। উক্ত প্রকল্পের সহকারী প্রোগ্রামার জানান ইতোমধ্যে ৮০০ জন প্রশিক্ষনার্থির প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। ১১০০ জনের প্রশিক্ষণ প্রক্রিয়া চলমান রয়েছে। | ৫.১. ফ্রিল্যান্সিং / বেসিক কম্পিউটার প্রশিক্ষণ কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে।<br>৫.২ ফ্রিল্যান্সিং / বেসিক কম্পিউটার প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) / প্রোগ্রামার, মাগুরা এর সাথে সমন্বয় করতে হবে। | ADC(ICT)<br>প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সহকারী প্রোগ্রামার, শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার স্থাপন প্রকল্প। |
| **৬।শেখ রাসেল ডিজিটাল ল্যাবঃ** প্রোগ্রামার, মাগুরা জানান মাগুরা জেলাতে বর্তমানে ৩৮ টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব রয়েছে। সংশ্লিষ্ট উপজেলা সহকারী প্রোগ্রামার, প্রোগ্রামার এবং শিক্ষা অফিসের কর্মকর্তাবৃন্দ নিয়মিত ভাবে ল্যাবগুলো পরিদর্শন করে থাকেন। বর্তমানে সকল ল্যাবে "শেখ রাসেল ডিজিটাল ল্যাব মনিটরিং সিস্টেম" বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে। সকল ল্যাবের সকল পিসিতে সিস্টেমটি ইন্সটল করতে পারলে সকল ল্যাবের সকল পিসিকেই মনিটরিং সিস্টেমের মধ্যে নিয়ে আসা যাবে। | ৬.১। নিয়মিতভাবে ল্যাবগুলো পরিদর্শন ও ল্যাবগুলো অধিকতর কার্যকর করতে হবে।<br>৬.২।শেখ রাসেল ডিজিটাল ল্যাব মনিটরিং সিস্টেম" টি সকল ল্যাবের সকল পিসিতে ইন্সটল করতে হবে। | ADC(ICT),উপজেলা নির্বাহী অফিসার (সকল) , জেলা শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান |
| **৭। আইসিটি অবকাঠামোগত কার্যক্রমঃ**<br>মাগুরা জেলাতে ইনফো-সরকার ২ প্রকল্পের আওতায় ১৭৪ টি সরকারি দপ্তরে ইন্টারনেট কানেকশন প্রদান করা হয়। যার মধ্যে ৭৬ টি দপ্তরে বর্তমানে ইন্টারনেট কানেকশন বিচ্ছিন্ন রয়েছে। ইনফো-সরকার -৩ প্রকল্পের মাধ্যমে ২৩ টি ইউনিয়ন ও সকল থানাতে ইন্টারনেট কানেকশন প্রদান করা হয়েছে, যার সকল কানেকশন সচল রয়েছে। | ৭. ইনফো-সরকার-২ প্রকল্পের আওতায় সকল দপ্তরের ইন্টারনেট কানেকশন দ্রুত সচল করতে হবে। | সামিট কমিনিকেশন লিঃ, ফরিদপুর শাখা, উজ্জ্বল দত্ত, স্টার ক্যাবলস লিঃ, প্রোগ্রামার, মাগুরা |
| **৮। শেখ কামাল আইটি ইনকিউবেশন সেন্টারঃ**<br>সহকারী প্রোগ্রামার, শেখ কামাল আইটি ইনকিউবেশন সেন্টার মাগুরা জানান ইতোমধ্যে শেখ কামাল আইটি ইনকিউবেশন সেন্টার এর মূল ভবন - ৮৩%, ক্যান্টিন - ৬০%, বিদ্যুৎ এর সাবস্টেশন-৬৫% কার্যক্রম সম্পন্ন হয়েছে। এছাড়া মূল ফটক তৈরীর কার্যক্রম শুরু করার জন্য গাছ কাটার অনুমোদন প্রক্রিয়া চলমান রয়েছে। | ৮। সকল কার্যক্রম নিয়মানুযায়ী পরিচালনাসহ জেলা প্রশাসক,মাগুরা মহোদয়কে হালনাগাদ তথ্য প্রদান করতে হবে।<br>৮.২। শেখ কামাল আইটি ইনকিউবেশন সেন্টারের প্রধান ফটক হতে মূল ভবন পর্যন্ত রাস্তা তৈরী করার জন্য গাছ কাঁটার প্রয়োজন। সামাজিক বনায়ন, নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, মাগুরা কর্তৃক গাছ কাঁটার জন্য গাছের মূল্য নির্ধারনী প্রতিবেদন পাওয়া গিয়েছে। গাছের মূল্যমান মূল্য নির্ধারনী প্রতিবেদন | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সহকারী প্রোগ্রামার, শেখ কামাল আইটি ইনকিউবেশন সেন্টার |

<table>
<tr><td></td><td>অনুযায়ী নিম্নরুপঃ

| গাছের নাম | সংখ্যা | মূল্যমান |
|---|---|---|
| আমড়া | ০১ | ২৮০/ |
| জলপাই | ০১ | ১৫৯/ |
| কাঁঠাল | ০৮ | ৩৬৫৩/ |
| আকাশমণি | ০২ | ৪৬৬/ |
| আম | ০১ | ৪৫৫/ |
| বরই | ০৩ | ১৪৪/ |
| নিম | ০১ | ৪৮৮/ |
| খেজুর | ০৩ | ৩৬০/ |
| কাঠবাদাম | ০৮ | ২৬৯৯/ |
| কড়ই | ০১ | ৭৬৬৯/ |
| ঝাউ/মহুয়া | ০১ | ৬৪৯/ |
| **মোট** | ৩০ | **১৭০১৯/** |

গাছের মূল্যমান সর্বমোট **সতের হাজার উনিশ টাকা** গৃহিত হয় এবং গাছ কাঁটার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয়।</td><td></td></tr>
<tr><td>০৯। আইসিটি ইনোভেশনঃ জেলা প্রশাসক, মাগুরা মহোদয় আইসিটি সংক্রান্ত ইনোভেশনের উপর জোর গুরুত্ব আরোপ করেন। মাগুরা জেলাধীন সরকারী/ বেসরকারী বিভিন্ন দপ্তর, সংস্থা / ব্যক্তি পর্যায়ে আইসিটি ইনোভেশন গ্রহণ করার ব্যাপারে আলোচনা করা হয়।</td><td>জনস্বার্থে আইসিটি ইনোভেশন গ্রহণ করতে হবে।</td><td>স্ব স্ব দপ্তর/ সংস্থা প্রধান</td></tr>
<tr><td>১০। জেলা পর্যায়ে ব্যবহৃত গুরুত্বপুর্ণ Apps: জনস্বার্থে তৈরীকৃত সকল ধরণের Apps/Upgradation Technology গ্রহণ করার বিষয়ে আলোচনা হয়। এ ব্যাপারে জেলা প্রশাসক, মাগুরা মহোদয় কোভিড-১৯ টিকার নিবন্ধনের জন্য আইসিটি বিভাগ কতৃক তৈরীকৃত “সুরক্ষা” App/ ওয়েব সাইট (www.surrukkho.gov.bd) ব্যবহার করে নিবন্ধন করার ব্যাপারে নির্দেশনা প্রদান করেন। এছাড়া কোভিড-১৯ রোগির স্বাস্থ্য সেবার জন্য “টেলিডাক্তার” (http://beta.corona.gov.bd), সরকারী তথ্য জানতে ও সামাজিক সমস্যা প্রতিরোধে ৩৩৩ , স্বাস্থ্য বাতায়ন বিষয়ে ১৬২৬৩, কোভিড-১৯ টেলিহেলথ বিষয়ে ০৯৬৬৬৭৭৭২২২ হটলাইন নাম্বার ব্যবহার বিষয়ক বিস্তারিত আলোচনা হয়।</td><td>১০.১। কোভিড -১৯ টিকার নিবন্ধনের জন্য “সুরক্ষা” App/ ওয়েব সাইট (www.surrukkho.gov.bd) ব্যবহার করতে হবে।<br><br>১০.২। কোভিড-১৯ নিয়ন্ত্রনে সহায়ক/ সরকারী কাজে ব্যবহৃত সকল ধরণের Apps/ Upgradation Technology ব্যবহার করতে হবে।</td><td>স্ব স্ব দপ্তর/ সংস্থা প্রধান</td></tr>
<tr><td>১১। বিবিধ: শিক্ষা মন্ত্রনালয়ের ল্যাব পরিচালনা নীতিমালা অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানের কম্পিউটার ল্যাব পরিচালনা বিষয়ে আলোচনা করা হয়।<br>অনুপস্থিত সকল সদস্য কে জেলা আইসিটি কমিটির মাসিক সমন্বয় সভায় উপস্থিত থাকার বিষয়ে গুরুত্ব আরোপ এবং উপস্থিত থাকার জন্য পত্র প্রদানের জন্য আলোচনা হয়।</td><td>১০.১। শিক্ষা মন্ত্রনালয়ের ল্যাব পরিচালনা নীতিমালা অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানের কম্পিউটার ল্যাব পরিচালনা করতে হবে।<br>১০.২। সভাপতি মহোদয় সকল নির্দেশনা বাস্তবায়নের অনুরোধ করেন।</td><td>ADC(ICT), UNO (সকল), DEO, DPEO, TEO (সকল), স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, প্রোগ্রামার, মাগুরা।</td></tr>
</table>

| | | |
|---|---|---|
| | ১০.৩। অনুপস্থিত সকল সদস্যকে পত্র প্রদান করতে হবে। | |

পরিশেষ আইসিটি বিষয়ক সরকারি সিদ্ধান্ত বাস্তবায়নে সকলকে আরো তৎপর হওয়ার আহ্বান জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৬/০২/২০২১

ড. আশরাফুল আলম
সভাপতি
জেলা আইসিটি কমিটি
ও
জেলা প্রশাসক
মাগুরা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়,মাগুরা
www.doict.magura.gov.bd

স্মারক নং-৫৬.০৪.৫৫০০.০০০.০৬.০০১.২০.৪০ তারিখ: ২৩.০২.২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। মাননীয় সংসদ সদস্য মাগুরা - ১ ও মাগুরা - ২
২। সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার (৫ম তলা), ই-১৪/এক্স, আগারগাঁও, ঢাকা।
৩। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার (১০ম তলা), ই-১৪/এক্স, আগারগাঁও, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৫। প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৬। **উপজেলা নির্বাহী অফিসার (সকল), মাগুরা**
৭। ............................................., মাগুরা।

২৩/০২/২১

মোঃ আবুল কাসেম
প্রোগ্রামার, মাগুরা
ফোন নংঃ ০৪৮৮৫১০৮৭